28

দৈনিক বাংলা

তারিখ 06 APR 1989
পৃষ্ঠা ৩ কলাম ২

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়ে বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম —দৈনিক বাংলা

## শিক্ষার বিকল্প নেই : শহীদুল ইসলাম

শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়ে গতকাল বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত হয়ে ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম। মন্ত্রী বলেন শিক্ষার্থীদের প্রকৃত শিক্ষা অর্জনে ব্রতী হতে হবে। শিক্ষা মানুষের সার্বিক উন্নতির একমাত্র পথ। এর কোন বিকল্প নেই।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জনাব আব্দুর রশীদ চৌধুরী। সভার শুরুতে অধ্যক্ষা হোসনে আরা শাহেদ প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা করেন।